

বাকুবিতে কর্মচারীদের হল থেকে বের করে দিল শিক্ষার্থীরা

বাকুবি প্রতিনিধি

৩০ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ২৯ জুলাই ২০১৯ ২৩:৪৮



দৈনিক
আমাদের সময়

প্রভোস্টের দায়িত্বে অবহেলার অভিযোগ এনে কর্মচারীদের হল থেকে বের করে দিয়েছে সাধারণ শিক্ষার্থীরা। গতকাল সোমবার দুপুর দেড়টার দিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) শহীদ শামসুল হক হলে এ ঘটনা ঘটে। advertisement

শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ আল মামুন দায়িত্ব গ্রহণের পর থেকে নিয়মিত হলে আসেন না। এ ছাড়া হলের হাউস টিউটররাও তদারকি করেন না হলের বিভিন্ন কর্মকাণ্ডে। এদিকে প্রথম বর্ষের তিন শিক্ষার্থী জুরে আক্রান্ত হয়ে পড়ায় হলের সবাই ডেঙ্গু আতঙ্কে রয়েছে। বিভিন্ন সময় হলে পানির সমস্যা, ঝোপঝাড় পরিষ্কার না করা, মশার প্রকোপে ব্যবস্থা না নেওয়াসহ খেলাধুলার সরঞ্জামও সরবরাহ করা হয় না। এ ছাড়া হলের বিভিন্ন সমস্যায় প্রভোস্টকে সময়মতো পাওয়া যায় না।

প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ আল মামুন বলেন, ব্যস্ততার মাঝেও হলের কোনো কাজেই বিঘ্ন ঘটতে দেই না। গতকালই হলে মশা নিরোধক স্প্রেিং পাউডার াপ করা হয়েছে। শিগগিরই হল নেতারা ও শিক্ষার্থীদের সঙ্গে বসে প্রশাসনের সহায়তায় পড়ালেখার সুষ্ঠু পরিবেশ বজায়ে আলোচনা করব।